

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৫ বঃ/২২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি:

নং ৪০.০০.০০০০.০৪২.০৬.০০১.১৯-৪০—ঢাকা চকবাজার এলাকায় বিগত ২০-০২-২০১৯
তারিখ রাতে সংঘটিত ভয়াবহ অগ্নি দুর্ঘটনাক্রমিত এলাকায় এ মন্ত্রণালয়ের কর্মীয় নির্ধারণের জন্য
নিম্নোক্ত কমিটি গঠন করা হল:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদবি
১	সৈয়দ আহমদ, অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	আহ্বায়ক
২	উপসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৩	জনাব এস এম এনামুল হক, পরিচালক, বিভাগীয় শ্রম দণ্ডন, শ্রম অধিদপ্তর, ঢাকা।	সদস্য
৪	উপ-মহাপরিদর্শক, উপ-মহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।	সদস্য
৫	জনাব মোঃ সামছুল আলম খান, যুগ্মমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।	সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি:

- (১) দুর্ঘটনার কারণ অনুসন্ধান ও সুপারিশ ;
- (২) পুরাতন ঢাকা এলাকার (চকবাজার, লালবাগ, কামরাঙ্গীরচর, বংশাল, হাজারীবাগ,
কোতয়ালী) কারখানা ও প্রতিষ্ঠানের সংখ্যা, কারখানার ধরন ও প্রকৃতি, ব্যবহৃত
কাঁচামাল ইত্যাদিসহ একটি তালিকা প্রণয়ন :

(১২৩২১)

মূল্য : টাকা ৮.০০

-
- (৩) কমিটি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকদের মাধ্যমে উক্ত এলাকাসমূহে বিগত বৎসরে কতগুলো কারখানা পরিদর্শন করা হয়েছে এবং তাদের পরিদর্শন প্রতিবেদনসমূহে প্রদত্ত সুপারিশসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা, না হয়ে থাকলে তার কারণসমূহ চিহ্নিতকরণ ;
- (৪) উক্ত এলাকায় প্লাস্টিক ও কেমিক্যাল কারখানাসমূহের ঝুঁকি নির্ধারণ, ঝুঁকি নিরসনের সুপারিশ এবং দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় সুপারিশ ;
- (৫) অন্যান্য সুপারিশ (যদি থাকে) ;
- (৬) কমিটি প্রয়োজনে অন্যান্য কর্মকর্তাগণকে কো-অপ্ট করতে পারবে ;
- (৭) কমিটি আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করবে।

৩। এ প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্য্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ, টি, এম সাইফুল ইসলাম
উপসচিব (শ্রম)।